

উপজেলা সমাজকল্যাণ কমিটির এর দ্বি- মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময়ঃ ০৫/০৭/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ০৫/০৭/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা সমাজসেবা কার্যালয়, সদর, জামালপুর এর মাসিক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব আখতারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০ ১	মাদক, বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক ক্যাম্পেইন/আলোচনাঃ	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোঃ শাহাদৎ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জামালপুর সদর সভাকে জানান, করোনা কালীন ও পরবর্তি সময়ে দীর্ঘদিন ফুল ও কলেজ বন্ধ থাকার কারণে উপজেলার বিভিন্ন ইউনিয়নে কিশোর ও কিশোরীরা বিভিন্ন ধরনের সামাজিক সমস্যায় পতিত হয়েছে। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলো মাদক সেবক, বাল্যবিবাহ ও নারী নির্যাতন বৃদ্ধি পেয়েছে। তাই ইউনিয়নের বিভিন্ন স্থানে উপরোক্ত বিষয়ে প্রতিরোধমূলক ক্যাম্পেইন করা দরকার। আমাদের ছেলেমেয়ে ও অভিভাবকদের নিয়ে সামাজিক সচেতনতা মূলক আলোচনা করার প্রয়োজনীয়তা অপরিসীম বিধায় বিষয়টি সভায় অবহিত করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনাস্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার

পরিশেষে আর কোন আলোচনানা থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: আখতারুজ্জামান

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ কমিটি

জামালপুর সদর, জামালপুর।

1998

1998

- 1. 1998
- 2. 1998
- 3. 1998
- 4. 1998

1998





1998

1998

পরিশিষ্ট "ক"

০৫/০৭/২০২২ তারিখের সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদেরনাম	পদবী	স্বাক্ষর
০১	মো: আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর	সভাপতি	
০২	লুৎফর রহমান, চেয়ারম্যান, ০৬ নং নবুন্দি, ইউনিয়ন পরিষদ	সদস্য	
০৩	সোহেল রানা, চেয়ারম্যান, ১৫ নং রশিদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য	
০৪	মোঃ আব্দুল জলিল, চেয়ারম্যান, ০৯ নং রানাগাছা ইউনিয়ন পরিষদ	সদস্য	
০৫	মো: শাহাদৎ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর	সদস্য সচিব	 ০৫.০৭.২২